



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শাহজাদপুর সরকারি কলেজ
শাহজাদপুর, সিরাজগঞ্জ।



ওয়েব সাইট : www.shahzadpurgovtcollege.com
E-Mail Address : shahzadpur.govt.college@gmail.com
টেলিফোন নম্বর : ০৭৫২৭-৬৪০৪০/০৭৫২৭-৬৪৫১৭

বিজ্ঞপ্তি: তারিখ- ১১/০৮/২০২১ খ্রি.

শাহজাদপুর সরকারি কলেজের ২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ফরম পূরণের জন্য তাদেরকে আগামী ২৮/০৮/২০২১ তারিখের মধ্যে বোর্ড ফি, কেন্দ্র ফি ও কলেজের পাওনা অনলাইনে পরিশোধ করতে হবে। উল্লেখ্য যে, কলেজ কর্তৃক নির্বাচিত পরীক্ষার্থীদের মোবাইল নম্বরে আগামী ১২/০৮/২০২১ হতে ২৩/০৮/২০২১ তারিখের মধ্যে এসএমএস পাওয়া যাবে। এসএমএস পাওয়ার পরেই পরীক্ষার্থীরা ফি পরিশোধ করতে পারবে। অনলাইনে ফি পরিশোধ হলে এবং ফরম পূরণ সম্পন্ন হলে পরীক্ষার্থী মোবাইলে কনফারমেশন এসএমএস পাবে।


নিয়মিত পরীক্ষার্থী প্রতি ফরম পূরণ ফি নিম্নলিখিত হারে নির্ধারণ করা হয়েছে।

ক্রমিক নং	বিবরণ	বিজ্ঞান শাখা	মানবিক শাখা	ব্যবসায় শিক্ষা শাখা
০১	বোর্ড ফি	৮০০/-	৭৭০/-	৭৭০/-
০২	কেন্দ্র ফি (ব্যবহারিকসহ)	৩৬০/-	৩০০/-	৩০০/-
০৩	প্রতিষ্ঠানের পাওনা	৩৫০/-	১৫০/-	১৫০/-
	মোট =	১৫১০/-	১২২০/-	১২২০/-

বি.দ্র: যে সকল পরীক্ষার্থীর কলেজে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হয়েছে শুধুমাত্র তারা ফরম পূরণের এসএমএস পাবে।

* সকল অনিয়মিত পরীক্ষার্থীর ফরম পূরণ বাবদ ফি অনলাইন পেমেন্ট সিস্টেম হতে মোবাইলে এসএমএস এর মাধ্যমে জানা যাবে।

* পরীক্ষার্থীদের করণীয়: পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য।


১১.০৮.২০২১
অধ্যক্ষ

শাহজাদপুর সরকারি কলেজ
শাহজাদপুর, সিরাজগঞ্জ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে কপি প্রেরণ করা হলো :

- ১। আহবায়ক, উচ্চ মাধ্যমিক পরীক্ষা কমিটি ২০২১।
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ।
- ৩। অফিস নথি।

নো মাস্ক নো সার্ভিস

নো মাস্ক নো এন্ট্রি

8. পরীক্ষার্থীর করণীয়:

SMS এর মাধ্যমে পরীক্ষার্থীর নাম, এইচএসসি'র রেজিস্ট্রেশন নম্বর, এসএসসি(SSC) রোল, বোর্ড ফি, কেন্দ্র ফি ও প্রতিষ্ঠানের পাওনাসহ সর্বমোট ফি আলাদা আলাদাভাবে জানতে পারবে এবং পরীক্ষার ফি পরিশোধের জন্য একাধিক পদ্ধতিও দেখতে পাবে।

পরীক্ষার ফি পরিশোধের পদ্ধতি:

(ক) SMS এ প্রাপ্ত LINK ব্যবহার করে অথবা সোনালী ব্যাংকের সোনালী ই-সেবা(Sonali eSheba) অ্যাপ ব্যবহার করে সোনালী সেবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরীক্ষার সর্বমোট ফি পরিশোধ করতে পারবে। এছাড়া বোর্ডের ওয়েবসাইটের Student Panel থেকেও সোনালী সেবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরীক্ষার সর্বমোট ফি পরিশোধ করতে পারবে।

(খ) উক্ত তিনটি পদ্ধতিতেই ঘরে বসে সোনালী ব্যাংকের সোনালী ই-সেবা(Sonali eSheba) অ্যাপ ব্যবহার করে Nagad, bKash, Rocket, Upay, Sonali eWallet ইত্যাদি যে কোন একটির মাধ্যমে পরীক্ষার ফি প্রদান করতে পারবে। তাছাড়া যে কোন Visa, Master Card, American Express, Dbbl Nexus ব্যবহার করেও পরীক্ষার ফি প্রদান করা যাবে। এছাড়াও সোনালী ব্যাংকের একাউন্টধারীরা অনলাইন পেমেন্ট এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদান করতে পারবে।

(গ) এক্ষেত্রে সোনালী ব্যাংক এবং মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস(MFS) এর সার্ভিস চার্জও(বোর্ড কর্তৃক নির্ধারণকৃত) অপারেটর কেটে নিবে। যে অপারেটরের মাধ্যমে ফি পরিশোধ করা হবে সেই অপারেটরের সংশ্লিষ্ট একাউন্ট/ওয়ালেটে বোর্ড ফি, কেন্দ্র ফি ও প্রতিষ্ঠানের পাওনা এবং সার্ভিস চার্জসহ সর্বমোট টাকার ন্যূনতম ব্যাল্যান্স থাকতে হবে।

(ঘ) পেমেন্ট করার পর পরীক্ষার্থীকে তার ফরম পূরণ সম্পন্ন হয়েছে মর্মে একটি SMS এর মাধ্যমে নিশ্চিত করা হবে। কোন কারিগরি ত্রুটির কারণে পরীক্ষার্থী SMS না পেলে বোর্ডের ওয়েবসাইটে Student Panel থেকে তার ফরম পূরণের Status যে কোন সময় দেখতে পাবে। প্রতিষ্ঠানকর্তৃক নির্বাচিত পরীক্ষার্থীরাই ফরম পূরণের জন্য ফি জমা দিতে পারবে।

(বি.দ্র: নির্ধারিত সময়ের মধ্যে কোন পরীক্ষার্থী ফি পরিশোধ করতে ব্যর্থ হলে তার ফরম পূরণ সম্পন্ন হয়নি বলে গণ্য হবে।)